ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯
ফোনঃ ৮৮০-২-৭৭৮৯৪৫৮, ৭৭৮৯২৮৯; ফ্যাক্সঃ ৮৮০-২-৭৭৮৯৬৩৬
Website: www.nib.gov.bd

সূত্র নং- ৩৯.০৬.২৬৭২.০০৪.২৫.০০১.১৬/ ১৮৬৪ তারিখ: ১০/০৯/২০১৭

**বিষয়: জীবপ্রযুক্তি বিষয়ে মানবসম্পদ উন্নয়ন কার্যক্রমের আওতায় প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণে ইচ্ছুক ছাত্রছাত্রীদের মনোনয়ন প্রসঙ্গে।**

জনাব,

আপনি অবগত আছেন যে, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি জীবপ্রযুক্তি বিষয়ে দেশের বিশেষায়িত গবেষণা প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানে গবেষণার পাশাপাশি জীবপ্রযুক্তি/সংশ্লিষ্ট বিষয়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য মানবসম্পদ উন্নয়ন কার্যক্রমের আওতায় প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন করা হয়ে থাকে। আগামী ০৭ - ১২ অক্টোবর, ২০১৭ (মোট ছয় দিন) 'Training on Basic Biotechnology' শিরোনামে প্রশিক্ষণ কর্মসূচীর (৩৫ তম ব্যাচ) আয়োজন করা হবে। উল্লেখ্য যে, প্রশিক্ষণ ফি বাবদ ১,০০০.০০ (এক হাজার) টাকাসহ প্রশিক্ষণ চলাকালীন সময়ে আবাসন ও খাদ্য সংক্রান্ত সকল ব্যয়ভার প্রশিক্ষণার্থীকে বহন করতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহনের জন্য এনআইবি হতে সম্মানী বা টিএ/ডিএ প্রদান করা হবে না। প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও নির্দেশনা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

উক্ত প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণে ইচ্ছুক আপনার বিভাগে অধ্যয়নরত ৪র্থ বর্ষ/মাস্টার্স পর্যায়ের ০২ (দুই) জন ছাত্র/ছাত্রীকে আগামী ২৮/০৯/২০১৭ তারিখের মধ্যে মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও নির্দেশনা

১০/০৯/২০১৭

ড. মো. সলিমুল্লাহ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ইমেইল: dgnibbd@gmail.com

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। চেয়ারম্যান, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
২। চেয়ারম্যান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৩। চেয়ারম্যান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর।
৫। চেয়ারম্যান, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
৬। চেয়ারম্যান, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।
৭। বিভাগীয় প্রধান, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
৮। চেয়ারম্যান, বায়োটেকনোলজি বিভাগ, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ডুমকি, পটুয়াখালী-৮৬০২।
৯। চেয়ারম্যান, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল।
১০। চেয়ারম্যান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী।
১১। চেয়ারম্যান, বায়োটেকনোলজি বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।
১২। চেয়ারম্যান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
১৩। সংশ্লিষ্ট নথি।

**যোগাযোগ:** হাবিবুন নবী ফরহাদ, কোর্স কো-অর্ডিনেটর, মোবাইল- ০১৭৪০-৮৬৫১৯৩, প্রশিক্ষণ বিভাগ, ইমেইল- hrdnib@gmail.com

# ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি

গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯

## প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও নির্দেশনাসমূহ

১। কোর্স শিরোনাম: Training on Basic Biotechnology

২। কোর্সের মেয়াদ: ৬ দিন

৩। কোর্সের বিষয়বস্তু:

ক) তত্তীয়: Biotechnology in Bangladesh & NIB, Basic techniques in molecular biology, Laboratory safety and personal hygiene, DNA sequencing and DNA finger printing, Lab note book and scientific paper writing, Intellectual property right (IPR) etc.

খ) ব্যবহারিক: Genomic & Plasmid DNA extraction and quantification, PCR, Agarose gel electrophoresis, Restriction digestion, Cell culture, DNA purification from gel, Tissue culture technique, Interactive Bioinformatics etc.

৪। আসন সংখ্যা: ২০ (বিশ) জন।

৫। অংশগ্রহণকারীর যোগ্যতা:

পাবলিক বিশ্ববিদ্যালয়ে জীবপ্রযুক্তি বিষয়ে ৪র্থ বর্ষ/মাস্টার্সে অধ্যয়নরত ছাত্র/ছাত্রী।

৬। কোর্স ফি: ১,০০০.০০ (এক হাজার) টাকা। মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর অনুকূলে উত্তরা ব্যাংক, ইপিজেড শাখা, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯ বরাবর উত্তরা ব্যাংক এর যেকোন শাখা হতে প্রশিক্ষণ ফি বাবদ ১,০০০.০০ (এক হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযোজন করতে হবে। ব্যাংক ড্রাফট/পে অর্ডার নম্বর আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

৭। প্রশিক্ষণার্থী নির্বাচন:

বিশ্ববিদ্যালয়সমূহের জীবপ্রযুক্তি/সংশ্লিষ্ট বিভাগ হতে প্রস্তাবিত ছাত্রছাত্রীদের তালিকা অনুযায়ী।

৮। অনলাইন রেজিস্ট্রেশন: প্রার্থীকে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি) এর ওয়েব সাইট (www.nib.gov.bd) এর মাধ্যমে এনআইবি কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফরম পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন ফরম পূরণের সময় প্রার্থীর নিজের সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি, প্রার্থীর নিজের স্বাক্ষর, প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত মনোনয়ন পত্র, ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর কপি JPG/GIF/PNG ফরম্যাট এ স্ক্যান করে আপলোড করতে হবে এবং প্রয়োজনীয় অন্যান্য তথ্যাদি নির্ভুলভাবে পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের সময় ব্যাংক ড্রাফট/পে অর্ডার এবং মনোনয়নপত্র এর মূল কপি অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে।

৯। আবাসন সুবিধা: প্রশিক্ষণার্থীদের জন্য আবাসিক সুবিধা রয়েছে। এ ক্ষেত্রে প্রশিক্ষণার্থীকে প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা হারে ভাড়া প্রদান করতে হবে। যে সকল প্রশিক্ষণার্থী আবাসিক সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে পূর্ব হতেই আবাসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। যে সকল প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ শুরুর পূর্ব রাত হতে আবাসিক সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক, তাদেরকে অবশ্যই পূর্বের দিন বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে এনআইবি'তে উপস্থিত হয়ে রিপোর্ট করতে হবে।

১০। খাবার ব্যবস্থা:

প্রশিক্ষণার্থীদের জন্য এনআইবি'র ক্যাম্পাসে খাবারের ব্যবস্থা রয়েছে। খাবারের খরচ প্রশিক্ষণার্থীকে বহন করতে হবে। খাবার বাবদ আনুমানিক ১২০০- ১৫০০ টাকা ব্যয় হতে পারে।

১১। অন্যান্য:

অংশগ্রহণকারী সকল প্রশিক্ষণার্থীকে অবশ্যই এপ্রোন সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য এনআইবি'র পক্ষ হতে প্রশিক্ষণার্থীদের কোন প্রকার ভাতাদি প্রদান করা হবে না। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণার্থীকে অবশ্যই এনআইবি'র সকল নিয়ম কানুন মেনে চলতে হবে।


**প্রশিক্ষণ সংক্রান্ত যোগাযোগ:**

হাবিবুন নবী ফরহাদ

কোর্স কো- অর্ডিনেটর

প্রশিক্ষণ বিভাগ, এনআইবি

মোবাইল: ০১৭৪০-৮৬৫১৯৩

ইমেইল: hrdnib@gmail.com ওয়েব সাইট: www.nib.gov.bd

# এনআইবি এর লোকেশন

